গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
বোয়ালখালী, চট্টগ্রাম।
www.boalkhali.chittagong.gov.bd

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

# ৫০ তম সভার বিজ্ঞপ্তি

বোয়ালখালী উপজেলা পরিষদের ৫০ তম সভা **আগামী ১২/১০/২০২৩খ্রি. বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকায়** উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব রেজাউল করিম এর সভাপতিত্বে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ (স্বাধীনতা), বোয়ালখালীতে অনুষ্ঠিত হবে।

ধার্য্য তারিখে যথাসময়ে উপজেলা পরিষদের সকল সদস্যকে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

সভার এজেন্ডাসমূহ ঃ

০১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।
০২. বিভাগীয় আলোচনা।
০৩. বিবিধ।

মোহাম্মদ মামুন
উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালখালী, চট্টগ্রাম
ফোন নং ঃ ০৩০৩২-৫৬০৪৪
ফ্যাক্স নং ঃ ০৩০৩২-৫৬০০১
unoboalkhali@mopa.gov.bd

স্মারক নং- উপ/পরি/বোয়াল/চট্ট/২০২৩- ২১৮
তারিখ ঃ ০৫/১০/২০২৩খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে।

০১. মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-০৭ ও ০৮।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক,স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বোয়ালখালী
০৮. মেয়র, বোয়ালখালী পৌরসভা, চট্টগ্রাম।
০৯. উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মদুনাঘাট, চট্টগ্রাম।
১০. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১১. সহকারী প্রকৌশলী(সওকা), বিএডিসি, দোহাজারী জোন, দোহাজারী, চট্টগ্রাম।
১২. সহকারী পরিচালক, জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিপ্তর, চট্টগ্রাম।

বিতরণ ঃ অবগতি ও কার্যার্থে।

১৩ . . . ...................................................................................................।
১৪. .. ...................................................................................................কর্মকর্তা, বোয়ালখালী, চট্টগ্রাম। উক্ত সভায় বিভাগীয় কার্যক্রমের বিবরণী ও আলোচ্য বিষয়াদিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
১৫. চেয়ারম্যান,.......................................................ইউনিয়ন পরিষদ/উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ, বোয়ালখালী, চট্টগ্রাম।
১৬. জনাব...............................................................

উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালখালী, চট্টগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
বোয়ালখালী, চট্টগ্রাম
www.boalkhali.chittagong.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## বোয়ালখালী উপজেলা পরিষদের অক্টোবর-২০২৩ তে অনুষ্ঠিত ৫০তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | রেজাউল করিম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ (অপরাজিতা) |
| সভার তারিখ ও সময় | ঃ | ১২ অক্টোবর' ২০২৩, বেলা ১২.৩০ ঘটিকা |
| সভায় উপস্থিতি/ অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভার সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান শুরুতেই সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালীকে অনুরোধ জানান। পরবর্তীতে তিনি বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। আলোচনান্তে, গত সভার কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর পর্যায়ক্রমে বিভাগ ভিত্তিক আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাবৃন্দকে অনুরোধ জানান।

<table>
<tr><th>ক্রম.</th><th>বিভাগ/ সংস্থার নাম</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১.</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি, বোয়ালখালী এর প্রতিনিধি জানান যে, তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। এছাড়া গত সেপ্টেম্বর/২০২৩ মাসে তাঁর বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>কার্যক্রম/সেবার বিবরণ</th><th>উপজেলার মোট সেবা প্রদান সংখ্যা</th></tr>
<tr><td>বহিঃ বিভাগে রোগীর সংখ্যা</td><td>১৫২০৩</td></tr>
<tr><td>জরুরী বিভাগে রোগীর সংখ্যা</td><td>৪১৬৬</td></tr>
<tr><td>অন্তঃ বিভাগে ভর্তি রোগীর সংখ্যা</td><td>৮৩৯</td></tr>
<tr><td>মেজর অপারেশন সংখ্যা</td><td>০৪</td></tr>
<tr><td>মাইনর অপারেশন সংখ্যা</td><td>৪৩৭</td></tr>
<tr><td>নরমাল ডেলিভারী(প্রসব) সংখ্যা</td><td>৪৭</td></tr>
<tr><td>সিজারিয়ান ডেলিভারী সংখ্যা</td><td>০১</td></tr>
<tr><td>ডিএন্ড সি সেবা প্রদান সংখ্যা</td><td>০০</td></tr>
<tr><td>বেড অকুপেন্সী রেট</td><td>১১৯.৬০%</td></tr>
<tr><td>এক্সরে বিভাগের রোগীর সংখ্যা</td><td>২৭</td></tr>
<tr><td>প্যাথলজী টেস্টের সংখ্যা</td><td>৫৩৭</td></tr>
<tr><td>সড়ক দুর্ঘটনায় আহত রোগীর সংখ্যা</td><td>৩৪</td></tr>
<tr><td>ময়না তদন্ত(পোস্টমর্টেম) সংখ্যা</td><td>০০</td></tr>
<tr><td>জখমী সনদ প্রদান</td><td>১৬</td></tr>
<tr><td>সাব সেন্টার সমূহে রোগীর সংখ্যা</td><td>১৮৯২</td></tr>
<tr><td>কমিউনিটি ক্লিনিক সমূহের রোগীর সংখ্যা</td><td>২৫৭৪৬</td></tr>
<tr><td>বক্ষব্যাধি ক্লিনিক রোগীর সংখ্যা</td><td>০০</td></tr>
</table></td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখাসহ হাসপাতালে রোগীদের সেবা মান অক্ষুন্ন রাখার বিষয়ে সার্বিক তদারকির অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বোয়ালখালী</td></tr>
<tr><td>০২.</td><td>কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার জানান যে, অনাবাদী পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে পুষ্টি বাগান স্থাপন কার্যক্রম চলমান আছে। উপর্যুক্ত ১.৫ শতক জমি থাকলে পুষ্টি বাগান স্থাপন করা যাবে। সিএফসি স্থাপনে ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করা হয়। বিএডিসি'র মাধ্যমে সুইচ গেটের উপযোগিতা যাচাই করার জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করে এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, বোয়ালখালীর সহযোগিতা কামনা করা হয়। এছাড়া আগামী রবি মৌসুমে ২৭৮ হেঃ সরিষার আবাদের লক্ষ্যমাত্রা নিয়ে কৃষি বিভাগ কাজ করছে জানিয়ে এ ক্ষেত্রে চাষীদের প্রয়োজনীয় বীজ ও সার সহায়তা প্রদানে উপজেলা পরিষদের সহায়তা কামনা করা নিম্নোক্ত দুইটি প্রকল্পে বরাদ্দ প্রদানে সভার সভাপতি মহোদয়কে অনুরোধ জানান।
<table>
<tr><th>ক্রম</th><th>বিবরণ</th><th>বরাদ্দের পরিমাণ</th></tr>
<tr><td>০১.</td><td>বোয়ালখালী উপজেলার পৌরসভা, কধুরখীল, পশ্চিম গোমদন্ডী, শাকপুরা এবং সারোয়াতলী ইউনিয়নের চাষীদের মাঝে বিনামূল্যে সরিষার বীজ এবং সার বিতরণ</td><td>১,৫০,০০০/-</td></tr>
<tr><td>০২.</td><td>বোয়ালখালী উপজেলার পোপাদিয়া, চরণদ্বীপ, শ্রীপুর-খরণদ্বীপ, আমুচিয়া এবং আহল্লা করলডেঙ্গা ইউনিয়নের চাষীদের মাঝে বিনামূল্যে সরিষার বীজ এবং সার বিতরণ</td><td>১,৫০,০০০/-</td></tr>
</table>
এ বিষয়ে সভায় বিশদ আলোচনা অনুষ্ঠিত হয়।</td><td>উত্থাপিত প্রকল্প দুইটি অত্যান্ত গুরুত্বপূর্ণ বলে সভায় সকলে একমত পোষণ করেন এবং প্রকল্প দুইটি পিআইসি'র মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, বোয়ালখালী-কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া সুইট গেইট এর উপযোগিতা যাচাইয়ে সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করা হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার, উপজেলা প্রকৌশলী বোয়ালখালী ও মেয়র, বোয়ালখালী পৌরসভা, ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
</table>

| ক্রম. | বিভাগ/ সংস্থার নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | প্রাণিসম্পদ বিভাগ | **উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বোয়ালখালী জানান যে,** গত সেপ্টেম্বর ২০২৩ মাসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল বোয়ালখালী কর্তৃক ২০১টি গাভী ও বকনাকে অধিক উৎপাদনশীল জাতের সিমেন দ্বারা কৃত্রিম প্রজনন করা হয়। বোয়ালখালীতে সংকর জাতের বাছুর উৎপাদিত হয়েছে ৮৭টি, মাঠকর্মীদের দ্বারা ২৫০০০ ডোজ গবাদিপশুর টিকা ও ৬৫০০০ ডোজ পোল্ট্রি টিকা প্রয়োগ করা হয়। খামারির বাড়িতে মোট ১৫৮১টি গবাদিপশু, ২১টি পোষা প্রাণী ও ১১৮০৪০টি হাঁসমুরগির চিকিৎসা প্রদান করা হয়। বিভিন্ন রাজস্ব খাতের প্রকল্প থেকে ৫৮২ জন খামারি/উদ্যোক্তাকে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়। ক্যাম্পাস নার্সারি হতে লাল পাকচং ঘাসের কাটিং বিতরণের মাধ্যমে ১.০ একর অনাবাদি জমিতে উচ্চফলনশীল ঘাসের চাষ করতে খামারিকে উদ্বুদ্ধ করা হয়। ২টি গবাদি পশুর খামার ও ২টি পোল্ট্রি খামার নতুন রেজিস্ট্রেশন ও নবায়ন করা হয়েছে। প্রাণিজ আমিষের (দুধ, ডিম ও মাংস) উৎপাদন বাড়াতে সম্প্রসারণমূলক অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে বলে জানান। এছাড়া তিনি আরো জানান যে, বাংলাদেশ থেকে ছাগল-ভেড়ার মারাত্মক রোগ পিপিআর নির্মূল করার লক্ষ্যে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ শনিবার থেকে শুরু করে ১০ অক্টোবর মঙ্গলবার পর্যন্ত বোয়ালখালী উপজেলার পৌরসভা ও ৯টি ইউনিয়নে সর্বমোট ২৪১০০টি ছাগল-ভেড়াকে ১ম ডোজ পিপিআর টিকা প্রদান করা হয়। উক্ত টিকা কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার বোয়ালখালী |
| ০৪. | মৎস্য বিভাগ | **উপজেলা মৎস্য অফিসার, বোয়ালখালীর প্রতিনিধি জানান যে,** মৎস্য চাষীদের মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান, পুকুর পরিদর্শণ করে পানির গুনাগুণ পরীক্ষা, নিয়মিত মাছের বাজার পরিদর্শন করে নিষিদ্ধ আফ্রিকান মাগুর, পিরানহা, জেলিযুক্ত চিংড়ি, জাটকা যাতে বিক্রি না হয় তা নজরদারি করা, মাছের খাদ্যের দোকানগুলো নিয়মিত পরিদর্শণ কাজ অব্যাহত রয়েছে। এছাড়া গত ১২/১০/২০২৩ তারিখ হতে ০২/১১/২০২৩ পর্যন্ত মোট ২২দিন ইলিশ আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয়, বিনিময় সরকার কর্তৃক নিষিদ্ধ করা হয়েছে। এই বিষয়ে মৎস্য ব্যবসায়ীদের লিফলেট ও বাজারসমূহে পোষ্টার লাগানো হয়েছে। এই বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার বোয়ালখালী ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৫. | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | **উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বোয়ালখালী জানান যে,** উপজেলা কমপ্লেক্সর নতুন হলরুম নিমার্ণের জায়গা বুঝে না পাওয়ায় কাজ শুরু করা যাচ্ছেনা জানিয়ে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভার সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। তিনি আরো জানান যে, উপজেলা রাজস্ব তহবিল ২০২২-২০২৩ অর্থ বছরের টেন্ডারের প্রকল্পগুলো দরপত্র মূল্যায়ন পর্যায়ে রয়েছে জানিয়ে, খুব শিঘ্রই প্রকল্পগুলোর কাজ মাঠ পর্যায়ে শুরু হবে। এডিপি ২০২৩-২৪ অর্থ বছরে ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে জানিয়ে উক্ত বরাদ্দের প্রকল্প গ্রহন করা যেতে পারে মতামত প্রদান করেন। এছাড়া তিনি আরো জানান যে, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে। উক্ত প্যাকেজদ্বয়ের Variation Estimate অনুমোদন না পাওয়ায় ভবন হস্থান্তর করতে বিঘ্নিত হচ্ছে। উল্লেখ্য যে, ঠিকাদার কৃতকাজের বাকী বিল পাওয়ার আবেদন করলেও বরাদ্দ না থাকায় চলতি বিল প্রদান করা সম্ভব হচ্ছেনা বলে জানান।<br>**এছাড়া তিনি আরো জানান যে,** উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের নতুন বাংলো নির্মিত হয়েছে। বাংলোয় ইতোমধ্যে ৫,০০,০০০/- টাকার ফার্নিসার ক্রয় করা হয়েছে। তবে বাংলোটি সংয়সম্পূর্ণ করতে আরো বেশ কিছু আসবাবপত্রের প্রয়োজনীয়তা রয়েছে বলে জানান। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়গণের সাথে আলাপ-আলোচনা সাপেক্ষে অবশিষ্ট প্রয়োজনীয় ফার্নিসার গুলো ক্রয়ের লক্ষ্যে =২,৯৯,০০০/- টাকার ১টি প্রাক্কলন প্রস্তুত করা হয়। প্রাক্কলনটি অনুমোদনে সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদের নতুন হলরুম নির্মাণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী-কে অনুরোধ করা হয় এবং এডিপি বরাদ্দের প্রকল্প প্রস্তাব প্রেরণে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(।।) সভায় উথাপিত প্রাক্কলনটি সর্বসম্মতিক্রমে অনুমোদন হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ছ) মোতাবেক আসবাবপত্র সংগ্রহ/ মেরামত খাতে ২০২৩-২৪ অর্থ বছর হতে নির্বাহ এবং আরএফকিউ'র মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং ইউপি চেয়ারম্যান (সকল) |

| ক্রম | [illegible] | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৬. | মহিলা বিষয়ক বিভাগ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** ''জয়িতা অন্বেষণে বাংলাদেশ'' শীর্ষক কার্যক্রমের আওতায় ২০২৩ সালের জয়িতা নির্বাচনের লক্ষ্যে ০৫টি ক্যাটাগরীতে যথাক্রমে- ১) অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী ২) শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী ৩) সফল জননী নারী ৪) নির্যাতনে বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী ৫) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী শ্রেষ্ঠ একজন করে জয়িতার নাম প্রস্তাবসহ প্রত্যেক নারীর জীবন বৃত্তান্ত ছক অনুয়ায়ী পূরণ করে আগামী ৩০/১০/২০২৩ তারিখের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণে জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, বোয়ালখালী পৌরসভা ও ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার বোয়ালখালী, মেয়র বোয়ালখালী পৌরসভা ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৭. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে,** গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিটা বিশেষ কর্মসূচির অধীনে ৫৫,০০,০০০/- টাকার বিপরীতে ২৮টি প্রকল্প দিয়েছেন। প্রকল্পের কাজ চলমান রয়েছে।<br>গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা (গম) কর্মসূচির আওতায় ৩৩.০০ মে:টনের বিপরীতে ০৫টি প্রকল্পের অনুমোদন হয়েছে। খাদ্য শস্য ছাড় করনের মেয়াদ শেষ হওয়ায় খাদ্য শস্য ছাড় করা যাচ্ছে না। মেয়াদ বর্ধিত হওয়ার সাথে সাথে কার্যক্রম শুরু হবে।<br>গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা (চাল) কর্মসূচির আওতায় ৩৩.০০ মে:টনের বিপরীতে ০৫টি প্রকল্পের অনুমোদন হয়েছে।<br>গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন (টি.আর) কর্মসূচির আওতায় ৪৬,৮০,০০০/- টাকার বিপরীতে ৮৭টি প্রকল্পের অনুমোদন হয়েছে। ১ম কিস্তির বিল প্রস্তুত করা হয়েছে। বর্ধিত সময়ের পর বিল প্রদান পূর্বক কাজ শুরু করা যাবে।<br>গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিটা (সাধারণ) কর্মসূচির আওতায় ৩৩,৩০,৬০১/- টাকার বিপরীতে ১৬টি প্রকল্পের অনুমোদন হয়েছে। ১ম কিস্তির বিল হিসাবরক্ষণ অফিস থেকে বিল অনুমোদন হয়ে আসলেই বিল প্রদান পূর্বক প্রকল্পের কাজ শুরু হবে।<br>গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন কর্মসূচির (সাধারণ) এর আওতায় ২৩,৭৪,৮৩৪/- টাকার বিপরীতে ১৫টি প্রকল্পের অনুমোদন হয়েছে। ১ম কিস্তির বিল তৈরী করা হয়েছে। বিল পাশ হলে প্রকল্পের কাজ দ্রুত শেষ করা যাবে।<br>গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন (টি.আর) কর্মসূচির পৌরসভার আওতায় ১২,৬৮,৫১৪/- টাকার বিপরীতে ১২টি প্রকল্পের অনুমোদন হয়েছে। ১ম কিস্তির বিল প্রস্তুত করা হয়েছে। ১ম কিস্তির বিল তৈরী করা হয়েছে। বিল পাশ হলে প্রকল্পের কাজ দ্রুত শেষ করা যাবে।<br>গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিটা ৪,০০,০০০/- নির্বাচনী এলাকা ভিত্তিক আসন-০৭ এর অধীনে ০২টি প্রকল্পের কাজ অনুমোদন হয়ে আসলে পরবর্তীতে কার্যক্রম শুরু করা হবে।<br>গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা বিশেষ নির্বাচনী এলাকা ভিত্তিক আসন-০৭ এর অধীনে খাদ্যশস্য ৩.০ মে.টন এর ১টি প্রকল্পের অনুমোদন হয়ে আসলে পরবর্তীতে কার্যক্রম শুরু করা হবে। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার অফিসার বোয়ালখালী |
| ০৮. | সমাজসেবা বিভাগ | **উপজেলা সমাজসেবা অফিসার, বোয়ালখালী জানান যে,** যে সকল ভাতাভোগী লাইভ ভেরিফিকেশনে অনুপস্থিত ছিলেন, তাদের একাধিক বার ফোনে কল দিয়ে সমাজসেবা অফিসে এসে ভেরিফাই হয়ে যাওয়ার জন্য অনুরোধ করা স্বত্তেও ভেরিফাই করে যায়নি তাদের মৃত্যু বা নিরুদ্দেশ বিবেচনায় তাদের স্থলে নতুন ভাতাভোগী তালিকাভূক্ত করতে সংশ্লিষ্ট মেয়র ও ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। একই সাথে নন ভেরিফাইকৃত ভাতা ভোগীর হিসাবে জুলাই/২৩ হতে সেপ্টেম্বর/২৩ পর্যন্ত ভাতার অর্থ প্রবেশ করবে না।<br>তিনি আরো জানান যে, ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোক, প্যারালাইজ, জন্মগত হৃদরোগ ও থ্যালামেসিয়া রোগীদের প্রত্যয়ন পত্র প্রদানের ক্ষেত্রে রোগী বেঁচে আছে কিনা তা নিশ্চিত হয়ে প্রত্যয়ন প্রদানের জন্য সংশ্লিস্ট মেয়র ও চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br>তিনি আরো জানান যে, প্রতিবন্ধীদের প্রত্যয়ন পত্র প্রদানের ক্ষেত্রে | উত্থাপিত বিষয়ে মেয়র, বোয়ালখালী পৌরসভা, ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র বোয়ালখালী পৌরসভা ও ইউপি চেয়ারম্যান (সকল) |

<table>
<tr><th>ক্রম</th><th>বিভাগ/ সংস্থার নাম</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>"আমার জানা মতে" কথাটি না লিখে সঠিকতা যাচাই বাছাই করে প্রত্যয়ন প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, মেয়র, বোয়ালখালী পৌরসভা এবং ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br>এছাড়া তিনি আরো জানান যে, স্বচ্ছল ও পুন:বিবাহ বন্ধনে আবদ্ধ বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতাভোগী-কে বাতিল বা প্রতিস্থাপন পূর্বক নতুন বিধবা ভাতাভোগীকে তালিকায় অন্তর্ভূক্ত করার জন্য মেয়র, বোয়ালখালী পৌরসভা ও ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>০৯.</td><td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালখালী জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোয়ালখালী</td></tr>
<tr><td>১০.</td><td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, বোয়ালখালী জানান যে, ২০২৪ শিক্ষাবর্ষে প্রাক প্রাথমিক, প্রথম, ৪র্থ ও ৫ম শ্রেণির শতভাগ বই পাওয়া গিয়েছে। এ বছর (২০২৩) শিক্ষাবর্ষে প্রথম শ্রেণির শিক্ষা ক্লাস পরিবর্তন হয়েছে। এ বিষয়ে শিক্ষকদের ধারণা সুস্পষ্টকরণ ও শিক্ষাক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে উপজেলা রিসোর্স সেন্টারে প্রতি ব্যাচে ৩০জন করে ১৮ ব্যাচ প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়া আগামী ১৮ অক্টোবর যথাযোগ্য মর্যাদায় ১০৭টি প্রাথমিক বিদ্যালয়ে শেখ রাসেল দিবস পালনে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে বলে জানান।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা অফিসার বোয়ালখালী</td></tr>
<tr><td>১১.</td><td>পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এছাড়া সেপ্টেম্বর'২৩ মাসের তাঁর বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>পদ্ধতির নাম</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>অর্জনের হার</th></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি(জন)পুরুষ ও মহিলা</td><td>১৬</td><td>০২</td><td>৬%</td></tr>
<tr><td>খাবার বড়ি(চক্র)</td><td>২২১২২</td><td>৯৬২৭</td><td>৩৯%</td></tr>
<tr><td>কনডম(পিস)</td><td>৩৯৭১২</td><td>১১৮৪২</td><td>২৭০%</td></tr>
<tr><td>ইনজেকটেবলস(ডোজ)</td><td>২৮৭৪</td><td>৭৭৮</td><td>২৮%</td></tr>
<tr><td>ইমপ্ল্যানন(জন)</td><td>৫৭</td><td>১৮</td><td>৮৯%</td></tr>
<tr><td>আই ইউ ডি (জন)</td><td>৪১</td><td>৩৬</td><td>৮৮%</td></tr>
</table>
*এই উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৮৫৮৭ জন (নব দম্পতির সংখ্যা- ৪৯ জন)<br>
* মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৩৬৮৫৯ জন।<br>
*মোট পদ্ধতি গ্রহণকারীর হার (CAR)-৭৫.৮৬%।<br>
মা ও শিশু বিষয়ক সেবা তথ্যাদি ঃ<br>
* গর্ভবতী মায়ের যত্ন ঃ
<table>
<tr><th>১ম পরিদর্শন</th><th>২য় পরিদর্শন</th><th>৩য় পরিদর্শন</th><th>৪র্থ পরিদর্শন</th></tr>
<tr><td>১০৩</td><td>১১৪</td><td>৫৭</td><td>৭৯</td></tr>
</table>
*ডেলিভারী ঃ
<table>
<tr><th>স্বাভাবিক</th><th>সিজারিয়ান</th><th>অন্যান্য</th></tr>
<tr><td>১০১</td><td>২৮</td><td>০০</td></tr>
</table>
*২৪ ঘন্টা ডেলিভারী সেবা কেন্দ্রে মোট ডেলিভারীর সংখ্যা- ২৩জন (চরণদ্বীপ-১৯ জন, সারোয়াতলী- ০৪ জন এবং শাকপুরা- ০ জন)<br>
*গর্ভোত্তর যত্ন -১৩৮ জন, শি৪০২ জন , মহিলা- ২২৬৬৮ জন, শিশু- ৪০৭জন<br>
*মোট জীবিত জন্মের সংখ্যা ঃ ১১০ জন।<br>
*(০-১) বছরের কম বয়স্ক মৃত শিশুর সংখ্যা - নাই।<br>
*(১-৫) বছরের কম বয়স্ক মৃত শিশুর সংখ্যা- নাই।<br>
*গর্ভজটিলতা জনিত মৃত মায়ের সংখ্যা- নাই।<br>
*অন্যান্য মৃতের সংখ্যা- ৫০ জন<br>
*মোট মৃতের সংখ্যা-৫১ জন।<br>
*মোট কমিউনিটি ক্লিনিকের সংখ্যা- ২৭টি</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এছাড়া চরণদ্বীপ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্থানীয় বাজার কমিটির খোলা টয়লেটের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা, বোয়ালখালী</td></tr>
<tr><td>১২.</td><td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td><td>উপ-সহকারী প্রকৌশলী জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী বোয়ালখালী</td></tr>
<tr><td>১৩.</td><td>সমবায় বি ভা গ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তার জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া সেপেটম্বর/২০২৩ মাসের আশ্রয়ন/আবাসন প্রকল্পের ঋণ কার্যক্রম নিম্নরূপঃ</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা বোয়ালখালী</td></tr>
</table>

| প্রকল্পের নাম | মোট ঋণ প্রদান | আদায় হার | খেলাপী ঋণের পরি: | ঋণ পাওনা সদস্য সংখ্যা |
|---|---|---|---|---|
| জৈষ্ঠ্যপুরা আশ্রায়ণ প্রকল্প (ফেইজ-১) | ২০৭৯০০০/- | ৮৯% | ২৩৮৭৬২/- | ১৪ জন |
| আহল্লা করলডেঙ্গা আশ্রায়ণ প্রকল্প (ফেইজ-২) | ৫৮৫০০০/- | ৮২% | ১১৩৬৫০/- | ১৬ জন |
| জ্যৈষ্ঠপুরা ফতেহার খীল আশ্রয়ন-২ প্রকল্প | ----- | ----- | ----- | ঋণ নিতে অনাগ্রহী |
| করলডেঙ্গা আশ্রয়ন-২ প্রকল্প সমায় সমিতি লি: | ----- | ----- | ----- | কোন বরাদ্দ পাওয়া যায়নি |
| করলডেঙ্গা গুচ্ছগ্রাম-২ প্রকল্প সমায় সমিতি লি: | ----- | ----- | ----- | কোন বরাদ্দ পাওয়া যায়নি |
| জ্যৈষ্ঠপুরা আশ্রয়ন-২ প্রকল্প সমায় সমিতি লি: | ----- | ----- | ----- | কোন বরাদ্দ পাওয়া যায়নি |

| ক্রম | বিভাগ/ সংস্থার নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ঋণ আদায় বৃদ্ধি করার বিষয়ে জোর প্রচেষ্টা অব্যাহত রয়েছে জানিয়ে এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। | | |
| ১৪. | যুব উন্নয়ন বি ভা গ | **উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে,** জুলাই/২৩ থেকে সেপ্টেম্বর/২৩ পর্যন্ত ০৩ ব্যাচে সর্বমোট ৯০জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ০৯জন যুবক ও যুব মহিলাকে ৪,০০,০০০/- টাকা ঋণ দেয়া হয়েছে। এছাড়া আগামী ১ নভেম্বর/২০২৩ জাতীয় যুব দিবস যথাযোগ্য মর্যাদায় পালনে সকলের সহযোগিতা কামনা করা হয়। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার বোয়ালখালী |
| ১৫. | পল্লী উন্নয়ন বিভাগ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি** সভায় উপস্থিত না থাকায় এ বিভাগের কার্যক্রম সর্ম্পকে জানা যায়নি। | পরবর্তী সভা হয়ে নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বোয়ালখালী |
| ১৬. | পল্লী জীবিকায়ন প্রকল্প | **উপজেলা প্রকল্প অফিসার জানান যে,** সেপ্টেম্বর, ২০২৩ মাসে ০২টি দল/সমিতি গঠন করা হয়েছে। সঞ্চয় আদায় ১.৯৩ লক্ষ, ঋণ বিতরণ ৪১.১০ লক্ষ, ঋণ আদায় ৭.৫৩ লক্ষ এবং আদায়ের হার ৯৬%। এছাড়া তাদের নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে বলে জানান। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা বোয়ালখালী। |
| ১৭. | খাদ্য বিভাগ | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর প্রতিনিধি জানান যে,** তাদের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বোয়ালখালী |
| ১৮. | পল্লী সঞ্চয় ব্যাংক | **ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, বোয়ালখালী জানান যে,** বোয়ালখালী উপজেলায় ৯টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় তাদের কার্যক্রম চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে বোয়ালখালী শাখার ১৭৯টি সমিতিতে সঞ্চয় আদায় ২.৫৩ লক্ষ, ঋণ বিতরণ ৬০.২৫ লক্ষ এবং ঋণ আদায় ৬২.৫৩ লক্ষ টাকা। এছাড়া নিয়মিত কার্যক্রম চলমান রাখার পাশাপাশি নতুন ১৫ জন সদস্য ভর্তি হয়েছে বলে জানান। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক বোয়ালখালী |
| ১৯. | ইউজিডিপি | **ইউডিএফ, বোয়ালখালী জানান যে,** ৬ষ্ট পর্যায়ে ৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ এবং প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে। পরবর্তী কার্যক্রম গ্রহনে সভার উপজেলা প্রকৌশলী, বোয়ালখালী দৃষ্টি আকর্ষণ করে সভার সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, বোয়ালখালী-কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার বোয়ালখালী ও উপজেলা প্রকৌশলী বোয়ালখালী |
| ২০. | পল্লী বিদ্যুৎ বিভাগ | **ডিজিএম, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, বোয়ালখালী জোনাল অফিস জানান যে,** পল্লী বিদ্যুৎতায়ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। বৈশ্বিক জ্বালানী সংকট পূর্বের তুলনায় কমে যাওয়ায় বিদ্যুদের লোড শেডিং কিছুটা কমেছে। কিছু দিনের মধ্যে বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। | বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের সকল সদস্যবৃন্দ |
| ২১ | বিবিধ | **(ক) জনাব মোহাম্মদ মোকাররম, চেয়ারম্যান, শ্রীপুর-খরণদ্বীপ ইউপি** জানান যে, হাসপাতালে রোগী আসলে ইমারজেন্সীর কতর্ব্যরত ডাক্তাররা রোগীকে ভালভাবে পর্যবেক্ষণ না করে রেফার করে দেন বলে অভিযোগ করেন। এ কারণে অস্বচ্ছল রোগীরা খুবই বিপাকে পড়ে জানিয়ে এ বিষয়ে সুষ্ঠু তদারকির মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে সভার সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার বোয়ালখালী |
| | | **(খ) জনাব এস এম জসিম উদ্দিন, চেয়ারম্যান, পোপাদিয়া ইউপি** জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী বা সংশ্লিষ্ট মন্ত্রণালয় ব্যাপক জনগোষ্ঠীকে সুপেয় পানি খাওয়ার জন্য ডীপ নলকূপ গুলো উপজেলা/ইউনিয়ন ভিত্তিক বরাদ্দে | গভীর নলকূপগুলো সাধারণ জনগণের সুপেয় পানির ব্যবস্থার জন্য উল্লেখ করে যাতে নিয়ম | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর বোয়ালখালী |



26

| | | | | |
|---|---|---|---|---|
| | | দেন। কিন্তু বাস্তবচিত্রে অধিকাংশ ক্ষেত্রে দেখা যাচ্ছে ব্যক্তি কেন্দ্রীক গভীর নলকূপগুলো বসছে এবং এককভাবে ব্যবহার হচ্ছে। এতে করে ব্যাপক জনগোষ্ঠী সুপেয় পানি থেকে বঞ্চিত হচ্ছে জানিয়ে সাইড সিলেকশনের সময় এবং তালিকা অনুযায়ী ডীপ টিউবয়েলগুলো বসছে কিনা তা ভালোভাবে মনিটারিং করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর-কে দৃষ্টি আকর্ষণ করে সভার সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। | অনুয়ায়ী সাইডগুলো বাস্তবায়নের মাধ্যমে ব্যাপক জনগোষ্ঠী উপকার হয়, সেদিকে তদারকি বাড়ানোর অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **(গ) জনাব কাজল দে, চেয়ারম্যান, আমুচিয়া ইউপি** জানান যে, তাঁর ইউনিয়নে সেচের অভাবে বান্ধব পাঠাগারে বেশ কিছু জমি চাষাবাদ না হওয়ায় সেখানে গভীর নলকূপ বসিয়ে বেশ কিছু জমি চাষাবাদের আওতায় আনা হয়েছে। কিন্তু সেখানে বান্ধব পাঠাগার থেকে বিদ্যুৎ সংযোগ দেয়ায় বাণিজ্যিক হিসেবে এত বেশি পরিমাণে বিল হচ্ছে, যা কৃষকদের পক্ষে পরিশোধ করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, কৃষকদের সুবিধার্থে কৃষি সেচের আওতায় একটি মিটার সংযোগ দেয়ার জন্য পল্লী বিদ্যুৎ অফিসে বারংবার আবেদন করার পরও কোন কাজ হচ্ছে জানিয়ে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে সভার সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। | উল্লেখিত স্থানে জরুরী ভিত্তিতে বিধি মোতাবেক মিটার সংযোগ দেয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত। | ডিজিএম চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ বোয়ালখালী জোনাল অফিস |
| | | **(ঘ) জনাব মোহাং জহুরুল ইসলাম জহুর, মেয়র, বোয়ালখালী পৌরসভা** জানান যে, তাঁর পৌরসভার কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। বোয়ালখালী পৌরসভা এলাকায় বিশুদ্ধ খাবার পানি সবচেয়ে বেশি সংকটে রয়েছে জানিয়ে এমপি মহোদয়ের কোটা থেকে গভীর নলকূপ বরাদ্দ দেয়া যায় কিনা দেখার জন্য অনুরোধ জানান। এছাড়া আগামী মাসে বোয়ালখালী পৌরসভার রাস্তা-ঘাট সহ অবকাঠামোগত উন্নয়নে প্রায় ১৫ কোটি টাকার টেন্ডার প্রক্রিয়ায় রয়েছে জানিয়ে এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | উন্নয়ন কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র বোয়ালখালী পৌরসভা |
| | | **(ঙ) মহিলা ভাইস চেয়ারম্যান জনাব শামীম আরা বেগম** উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। বর্তমানে নারী ও শিশু নির্যাতন অনেকটা কমলেও ইদানিং ডিভোর্স বেড়ে গেছে জানিয়ে ইউপি চেয়ারম্যানদের এ বিষয়ে সাবধানতা অবলম্বনের অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | ডিভোর্স সিস্টেমের বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সাবধানতা অবলম্বনের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| | | **(চ) ভাইস চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা এস এম সেলিম** উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে প্রতিটি গভীর নলকূপ থেকে যাতে ব্যাপক জনগোষ্ঠী উপকৃত হয় সেই বিবেচনায় গভীর নলকূপ গুলো স্থাপনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উত্থাপিত বিষয়ে নজরদারী বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর বোয়ালখালী |
| | | **(ছ) উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী** উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জানান যে, উপজেলা পরিষদের নতুন ভবন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের উন্নয়ন কাজ চলাকালীন উপজেলা পরিষদে বিদ্যামান সিসি ক্যামরাগুলো নষ্ট হয়ে রয়েছে। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনসহ দেশের চলমান প্রেক্ষাপটে যেকোন অপ্রীতিকর ঘটনা প্রতিরোধে/চিহ্নিত করতে সিসি ক্যামরাগুলো সচল রাখা জরুরী হয়ে পড়েছে। এছাড়া উপজেলা পরিষদের অফিসার্স ও স্টাফ কোয়াটারের সিসি ক্যামরাগুলো অকোজো হয়ে রয়েছে জানিয়ে সেগুলো সচল রাখার বিষয়ে মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>**আলোচনান্তে, উপজেলা প্রকৌশলী, বোয়ালখালী জানান যে,** উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা রক্ষায় উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়গণের সাথে আলাপ-আলোচনা সাপেক্ষে বিদ্যামান সিসি ক্যামেরাগুলো সচল করার লক্ষে একটি =১,৭০,৮৫৪/- টাকার প্রাক্কালন প্রস্তুত করা হয়। প্রাক্কালনটি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা রক্ষায় সিসি ক্যামেরা স্থাপন অত্যন্ত জরুরী ও প্রয়োজনীয় মর্মে সকলে একমত পোষন করেন। প্রাক্কলন অনুযায়ী =১,৭০,৮৫৪/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(প) এর ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে প্রদান সাপেক্ষে PIC'র মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার বোয়ালখালী ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বোয়ালখালী। |

মাননীয় সংসদ সদস্য জনাব নোমান আল মাহমুদ উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, যে সকল উন্নয়ন কাজগুলো এখনো চলমান রয়েছে, সেগুলো আগামী নির্বাচনের আগে শেষ করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কর্মকর্তাদের সেবাপ্রার্থীদের কাঙ্খিত সেবা তাদের দোরগোড়ায় পৌঁছে দেয়াসহ আগামী ৪১' সালে বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরে সকলের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন।

সভার সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান **আলহাজ্ব রেজাউল করিম** উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি আজকের সভায় যে সমস্যাগুলো উঠে এসেছে এবং সেগুলো নিরসনে যে সিদ্ধান্তগুলো নেয়া হয়েছে তা বাস্তবায়নের সংশ্লিষ্টদের আন্তরিক সহযোগিতা কামনা করেন। এছাড়া বোয়ালখালীর উন্নয়নে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার অনুরোধ জানানো হয়।

অদ্যকার এ সভা উপস্থিত সকল সদস্যদের সার্বিক সহযোগিতায় সাফল্যমন্ডিত হওয়ায় সকলকে ধন্যবাদ জানানো হয়। অতঃপর সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**রেজাউল করিম** ১২/১০/২৩
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বোয়ালখালী, চট্টগ্রাম
ফোন নং ঃ ০২৩৩৪৪৫৭৫০৯
uzpboalkhali@gmail.com

স্মারক নং ঃ উপঃপরিঃ/বোয়াল/চট্টঃ ২১- 29
তারিখ ঃ ১২.১০.২০২৩খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে।

১. মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-০৭ ও ০৮।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক (যুগ্ম সচিব), স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

জনাব.........................................................

সম্মানিত উপদেষ্টা/সদস্য, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।

১২/১০/২৩
মোহাম্মদ মামুন
উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালখালী, চট্টগ্রাম।
ফোন নং ঃ ০৩০৩২-৫৬০৪৪
ফ্যাক্স নং ঃ ০৩০৩২-৫৬০০১
unoboalkhali@mopa.gov.bd